

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। জাতি-বিদ্যা-মহোত্থা-প্রেমের কষ্টক পাঁচখানা।
 প্রেমের বন্যা এসে গেল ভেসে, ও তার কিছু র'ল না।।
- ৫। মহানন্দ ডেকে বলে তারক রসনা।
 সবে হরি বলে যায় গো চলে কেবল অশ্বিনী চললো না।।

১২ নং তাল-একতালা

আমার হৃদকদম্ব তরুমূলে দাঁড়াও শ্রীহরি।
 আমার এই উৎসবের, বামে বসাব প্রেমরূপ রাই কিশোরী।।

১। ভক্তিদূতি সাজিয়ে বৃন্দে, অনুরাগ তুলসী,
 শ্রদ্ধা চন্দন দিব ঐ পদে।

আমার মনের সাথে দেখব হৃদে যুগল রূপের মাধুরী।।

২। অষ্ট সাত্ত্বিক অষ্ট সখিচয়, ভাবের চামর তুলাইয়া
 বাতাস দিয়ে গায়।

বিনা সুতে মালা গাঁথে সাজাব যতন করি।।

৩। বাসনা রূপ সাজায় বড়াই, যুগল মিলন দেখব বলে
 আনন্দের সীমা নাই।

আমার কুমতি কুটিলার দর্প ঘুচাও হে দর্পহারী।।

৪। হরিনামের বাঁশী করেতে লয়ে, আমার দেহ গোকুল,
 কর আকুল বাঁশী বাজায়ে।

যেন অন্য ধ্বনি নাহি শুনি, তোমার নাম বংশী শ্রবম করি।।

৫। প্রেমানুগা মহানন্দ কয়, আমার শান্তি হরির যুগল মিলন
 দেখবি কে কে আয়।

গৌসাই তারকচাঁদ কয়, এমন সময় অশ্বিনী অলস ভারী।।

১৩ নং তাল-রাগেটি

গুরুর প্রতি প্রেম ভক্তি ভ্রান্ত মন তোর কেন হ'ল না।
 ছাড় কুটিনাটি ময়লা মাটি, মন করগে ষোল আনা।।